

## সরকারের শেষ সময়ে কওমি সনদের স্বীকৃতি নিয়ে বিভক্ত আলেমরা

যোগাভাক আহমদ

সরকারের শেষ সময়ে কওমি মাদ্রাসার সনদের স্বীকৃতি নিয়ে বিভক্ত হয়ে পড়ছেন দেশের কওমি মতাবলম্বী আলেম-ওলামারা। এক পক্ষে রয়েছেন হেফাজতে ইসলামের আমির আমানুল্লাহ আহমদ শাহী, অন্য পক্ষে রয়েছেন ইসলামী আন্দোলনের আমির ও চরমোবাহীরের পীর মুফতি নৈয়ম মুহাম্মদ রেজাউল করীম। সর্বশেষ স্বীকৃতি দেওয়ার পক্ষে সমর্থন জানিয়েছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদ।

কওমি সনদের স্বীকৃতি নিয়ে হেফাজতের বিরোধিতার কারণে সরকার ও উদ্যোগ থেকে পিছু হটতে হচ্ছে। সর্বাঙ্গীণ ব্যক্তিরা বলছেন, সরকারের শেষ সময়ে হেফাজতকে চটীতে চাচ্ছে না বলে সরকার কওমি মাদ্রাসা সনদের স্বীকৃতি দেওয়া থেকে পিছু হটতেছে।

১৫ নভেম্বর সমাবেশ করবে না হেফাজত : এদিকে হেফাজতে ইসলাম আগামী ১৫ নভেম্বর রাজধানীর শাপলা চত্বরে যে মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছিল, তা থেকে সংগঠনটি সরে এসেছে।

হেফাজতের কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব খাওয়ান মাদিনুদ্দিন রুহি কালের কণ্ঠকে বলেন, আমরা ১৫ নভেম্বর শাপলা চত্বরে সমাবেশ করছি না। কারণ এ দিন তারলীপ আনাতের অনুষ্ঠান রয়েছে। তা ছাড়া এ দিন আতরার দিন হওয়ায় অনেক সংগঠন তাজিয়া পান্না করে। অনেক ইসলামী সংগঠন বিভিন্ন কর্মসূচি পান্না করে। হেফাজতের কেন্দ্রীয় এই নেতা ১৩ নভেম্বর সমাবেশ করার কথা জানিয়ে বলেন, আজ রবিবার হেফাজতের কেন্দ্রীয় পর্যায়ে থেকে এ বিষয়ে ঘোষণা আনতে পারে।